**প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০২০॥**

**------- জনাব মুহাম্মদ আবদুল মতিন**

**১ম সাময়িক পরীক্ষার প্রস্তুতির জন্য পাঠ্যবই সংশ্লিষ্ট সৃজনশীল ও অন্যান্য প্রশ্নাবলী(অধ্যায়গুলো প্রশ্নের ধারা অনুসারে)**

**শিক্ষার্থীরা নিচের প্রশ্নগুলো পাঠ্য বইয়ের প্রশ্ন অনুকরণে তৈরী করা হয়েছে। তোমরা পাঠ্যবইয়ের অংক গুলো কর, পাশাপাশি উক্ত অংকগুলো ভালো করে অনুশীলন করবে। ইনশাআল্লাহ্ এ প্রশ্নগুলো সমাধান করতে পারলে আশা করা যায় তোমরা এ সম্পর্কিত সব অংক করতে পারবে। তাই অংকগুলো ভালোভাবে অনুশীলন করবে।**

**প্রশ্ন নং ৩ : চার নিয়ম সম্পর্কিত যোগ্যতাভিত্তিক প্রশ্ন (অধ্যায় ৩ থেকে) দুটি প্রশ্ন আসবে একটি উত্তর দিতে হবে।**

**বিবেচ্য বিষয় ঃ এ অংকগুলো সাধারন যোগ, বিয়োগ, গুণ ও ভাগ সম্পর্কিত। এ অংকগুলো করার সময় যে বিষয়গুলো খেয়াল রাখবে তা হলো - প্রথমে মনোযোগ দিয়ে উদ্দীপকগুলো পড়বে, তারপর নিচের প্রশ্নগুলো খেয়াল করবে সেখানে কয়টির দাম বা পরিমাণ বের করতে হবে। মনেরাখবে যদি-**

**১। অনেকগুলো জিনিসের দাম দেওয়া থাকে এবং একটি জিনিসের দাম বা পরিমাণ নির্ণয় করতে হয় তাহলে ভাগ করে করতে হবে।**

**২। একটি জিনিসের দাম দেয়া থাকলে অনেকগুলো জিনিসের দাম বের করতে হলে গুণ করতে হবে।**

**৩। অনেকগুলো জিনিসের দাম দেয়া থাকলে যদি অনেকগুলো জিনিসের দাম বা পরিমাণ বের করতে হয় তবে প্রথমে ১টি জিনিসের দাম বা পরিমাণ বের করে নিতে হবে।**

**১ । ৬টি চেয়ার ও ৪টি টেবিলের মুল্যে একত্রে ৯৫৭০ টাকা।একটি চেয়ারের মূল্য ৬২৫ টাকা।**

ক) একটি টেবিলের মূল্য র্নিণয়ের জন্য গাণিতিক বাক্য গঠন কর। (৯৫৭০-৬২৫×৬)÷৪

খ) গাণিতিক বাক্য থেকে একটি টেবিলের মূল্য বের কর। ১৪৫৫ টা

গ) ১২টি টেবিলের মূল্য র্নিণয় কর। ১৭৪৬০ টা

**২। ১২টি বিস্কুট ও ৩০ টি চকলেটের দাম একত্রে ১৯২ টাকা।একটি বিস্কুটের দাম ৬ টাকা।**

ক) বন্ধনী ব্যবহার করে ১টি চকলেটের মূল্য গাণিতিক বাক্যে প্রকাশ কর। {১৯২-(১২×৬)}÷৩০

খ) গাণিতিক বাক্য থেকে একটি চকলেটের মূল্য বের কর। ৪ টা.

গ) ১টি প্যাকেটে ২ডজন বিস্কুট থাকলে এক প্যাকেট বিস্কুটের দাম কত হবে? ১৪৪টা.

**৩| গতবছর একটি গ্রামে ৪৬৮৭ জন লোক ছিল।এবছর আরো ৩৪৯ জন লোক গ্রামে আসলে এবং ২৮০ জন লোক গ্রাম ছেড়ে চলে গেলো।**

ক) গ্রামটিতে এবছর কতজন লোক বৃদ্ধি পেলো। ৬৯ জন

খ) গ্রামটিতে এখন কতজন লোক হল। ৪৭৫৬ জন।

গ) গ্রামটিতে এখন প্রতি পরিবারে ৪ জন করে লোক থাকলে ঐ গ্রামে কতটি পরিবার আছে। ১১৮৯ টি

**৪। একজন গোশত বিক্রেতা প্রতিকজি গরুর গোশত ৩৮০ টাকা এবং প্রতি কেজি খাসির গোশত ৪৫০ টাকায় বিক্রি করেন।কামাল উক্ত দোকান থেকে ৪কেজি গরুর গোশত এবং ৩ কেজি খাসির গোশত কিনল।**

ক) কামাল মোট কত টাকার গোশত কিনল? ২৮৭০ টা.

খ) কামাল দোকানদারকে ৫০০০ টাকা গোশত কেনার পর দিলে দোকানদার তাকে কত ফেরত দেবে? ২১৩০ টা

গ) কামাল ৩০০০ টাকা দিয়ে ৩ কেজি খাসির গোশত কেনার পর বাকী টাকায় আর কত কেজি গরুর গোশত কিনতে পারবে? ৪ কেজি।

ঘ) ৫ কেজি গরুর ও ৪ কেজি খাসির গোশতে মোট দাম কত হবে? ৩৭০০ টা.

**৫। আলতাফ সাহেবের মাসিক বেতন ৯৮৭০ টাকা। তিনি প্রতি মাসে ৩৮০০ টাকা বাসা ভাড়া বাবদ এবং ৫৬৫০ টাকা পরিবারের জন্য খরচ করেন।বাকি টাকা ব্যাংকে জমা করেন।**

ক) তিনি মাসে কত টাকা ব্যাংকে জমা করেন। ৪২০ টাকা

খ) তিনি বছরে কত টাকা জমা করেন। ৫০৪০ টাকা

গ) তিনি ৮মাসে কত টাকা জমা করেন। ৩৩৬০ টাকা

**৬। একটি পানির ট্যাংকে প্রতি মিনিটে ৫ লিটার পানি আসে। এবং প্রতি মিনিটে ২লিটার পানি খরচ হয়।**

ক) প্রতি মিনিটে কতলিটার পানি ট্যাংকে জমা হয়? ২ লি.

খ) ২০মিনিটে ট্যাংকটিতে কতলিটার পানি জমা হবে? ৬০ লি

গ) ট্যাংটিতে মোট ৩০লিটার পানি ধরলে কতক্ষণে ট্যাংটি ভর্তি হবে? ১০ মি.

**৭। একটি আসবাবপত্রের দোকানে একটি আলমারি ৮৭০০ টাকা, ১টি টেবিল ২১০০ টাকা, ও একটি চেয়ার ৭৫০ টাকা করে বিক্রি হয়?**

ক) ২টি আলমারি ও ৩টি চেয়ারের মোট দাম কত? ১৯৬৫০ টা.

খ) তিনজন লোক ১টি আলমারি ২টি টেবিল ও একটি চেয়ার কিনে মোট দাম সমানভাগে ভাগ করে নিলে প্রত্যেকে কত টাকা করে দিবে। ৪৫৫০ টা

গ) ৩টি টেবিলের দামে কয়টি চেয়ার কেনা যাবে? ৮টি

**৮। মীনা ও রীনার একত্রে ৭৫৩২ টাকা আছে। রিনার চেয়ে মীনার ৫৬০ টাকা বেশি আছে।**

ক) রিনার কত টাকা আছে। ৩৪৮৬ টা

খ) দুইজনের টাকার সমান বীনার টাকা থাকলে, তিনজনের মোট কত টাকা আছে। ১৫০৬৪ টা

গ) তিনজনের মোট  টাকা থেকে টিনার ৬৫০ টাকা কম থাকলে টিনার কত টাকা আছে। ১৪৪১৪ টা

**৯। পিতা ও কন্যার বয়সের সমষ্টি ৮০ বছর। পিতার বয়স কন্যার বয়সের চারগুণ।**

ক) পিতা ও কন্যার বয়সের সমষ্টি কন্যার বয়সের কতগুণ? ৫ গুণ

খ) পিতার বয়স কত? ৬৪বছর

গ) ১০ বছর পর কন্যার বয়স কত হবে? ২৬ বছর

ঘ) ১০ বছর পর পিতা ও কন্যার বয়সের সমষ্টি কত হবে? ১০০ বছর

**১০। মলি ও রাজুর একত্রে ৮৫৮০ টাকা আছে।রাজু অপেক্ষা মলির ৪৮০ টাকা কম আছে।**

ক) মলির টাকার পরিমাণ কত? ৪০৫০ টাকা

খ) রাজুর কত টাকা আছে? ৪৫৩০ টাকা

গ) পলির এ দুইজনের  মোট টাকা থেকে ৯৮০ টাকা বেশি থাকলে পলির কত টাকা আছে? ৯৫৬০ টাকা

**১১। রফিক সাহেব একটি প্রতিষ্ঠানে চাকরি করেন।তাঁর মাসিক বেতন ৯৮৭০ টাকা। তিনি প্রতি মাসে বাড়িভাড়া ৩৮০০ টাকা ও সংসার খরচ বাবদ ৫৬৫০ টাকা ব্যয় করেন। তিনি**

ক) প্রতি মাসে বাড়িভাড়া ও সংসার খরচ বাবদ কত টাকা ব্যয় করেন?

খ) প্রতি মাসে কত টাকা সঞ্চয় করেন?

গ) ছয় মাসে কত টাকা সঞ্চয় করেন?

ঘ) এক বছরে কত টাকা সঞ্চয় করেন?

ঙ) এক বছরে কত টাকা ব্যয় করেন?

**১২। একটি কারখানায় ৫দিনে ২৪৫০ টি মোটর সাইকেল তৈরী হয়।** **৩৪৩০টি**

ক) ঐ কারখানায় ১ সপ্তাহে কতটি মোটর সাইকেল তৈরী হয়। ১৩৭২০টি

খ) ঐ কারখানায় ৪ সপ্তাহে কতটি মোটর সাইকেল তৈরী হবে? ১৪৭০০টি

গ) ১মাসে ঐ কারখানায় কতটি মোটর সাইকেল তৈরী হবে?

**১৩। মীনা ৪ মিনিটে ২০০মিটার হাটে।**

ক) মীনা আধাঘন্টায় কতমিটার হাটতে পারবে। ১৫০০ মি

খ) মীনার বাসা থেকে স্কুলের দূরত্ব ৮০০ মিটার। তার স্কুল যেতে ঐ হিসেবে কতক্ষণ লাগবে। ১৬ মি

গ) ১ঘন্টায় সে কত মিটার হাটতে পারবে? ৩০০০মি

**১৪। আয়েশা ৬৪ টাকা দিয়ে ৮টি পেন্সিল কিনল।**

ক) ২৪ টি পেনসিল কেনার জন্য তার কত টাকা লাগবে? ১৯২ টাকা

খ) ২৫৬ টাকায় সে কতটি পেন্সিল পাবে? ৩২ টি

গ) ২০টি পেন্সিল ও ৩৪ টি পেন্সিলের দামের পার্থক্য কত? ১১২ টা

**১৫। ১২টি প্লেট ও ২০টি কাপের মূল্য একত্রে ৩৯২০ টাকা। একটি কাপের মূল্য ১৪৫ টাকা।**

ক) ১২টি প্লেটের মূল্য নির্ণয়ের জন্য গাণিতিক বাক্য গঠন কর। ৩৯২০-১৪৫×২০

খ) ১টি প্লেটের মূল্য নির্ণয় কর। ৮৫

গ) ১০টি প্লেট ও ২ জোড়া কাপের মোট মূল্য কত? ১৪৩০টা

**১৬। সাকিবুল হাসান বাজার থেকে ৪০ কেজি চাল, ২৬৫ টাকার তেল, ৫৮৮ টাকার মাছ কিনলেন। প্রতি কেজি চালের মূল্য ৩৮ টাকা।**

ক) চালের মূল্য নির্ণয় কর। ১৫২০টা

খ) সে মোট কত টাকার বাজার করল। ২৩৭৩ টা

গ) সে দোকানদারকে ৩০০০ টাকা কত টাকা ফেরত পাবে? ৬২৭ টা

ঘ) দোকানরকে ৫০০০ টাকা দিলে অবশিষ্ট টাকা দিয়ে আর কত কেজি চাল পাবে? ৬৯ কেজি

**১৭। ২টি গরু ও ৩টি ছাগলের মূল্য একত্রে ৪৫০৮০ টাকা। একটি ছাগলের মূল্য ৪৫৬০ টাকা।**

ক) একটি গরুর মূল্য নির্ণয়ের জন্য গাণিতিক বাক্য গঠন কর। (৪৫০৮০-৪৫৬০×৩)÷২

খ) গাণিতিক বাক্য থেকে একটি গরুর মূল্য হিসাব কর। ৮৭৫০ টা

গ) ৭ টি গরুর মূল্য কত? ১৩৭৫০ টা

**১৮।** **কলা** (হালি ২০টাকা) **কমলা** (ডজন ৬০ টাকা) **আম** (প্রতিটি ২০ টাকা)

ক) ২৫ টি কলার মূল্য নির্ণয় কর? ১২৫ টা

খ) প্রতিটি কমলার মূল্য কত? ৫ টাকা

গ) ১জন লোক ২০টি কলা, ২ডজন কমলা, ও ১হালি আম কিনে কত টাকা দিতে হবে? ৩০০ টা

**১৯। ফরিদা ও ফাতেমার বেতন একত্রে ১৯৯৫০ টাকা। ফরিদার বেতন ফাতেমা অপেক্ষা ২৪৫০ টাকা বেশি।**

ক) ফরিদার বেতন নির্ণয়ের জন্য একটি গাণিতিক বাক্য গঠন কর। (১৯৯৫০-২৪৫০) ÷২

খ) ফবিদার বেতন নির্ণয় কর। ৮৭৫০ টা

গ) রহিমার বেতন ফাতেমার বেতন থেকে ২৫৫০ টাকা বেশি হলে রহিমার বেতন কত? ১৩৭৫০ টা

**২০। ৮কেজি পোলাও এর চালের মূল্য ৯৬০ টাকা।**

ক) ২০ কেজি পোলাও এর চালের মূল্য কত? ২৪০০ টা

খ) ৪৮০০ টাকায় কত কেজি চাল কিনতে পারবে? ৪৪ কেজি

গ) কোনো পরিবারে মাসে ৩০ কেজি চাল লাগে, ঐ পরিবারে মাসে কত টাকার চাল লাগবে? ৮০০ কেজি।

**২১। রহিম সাহেব দৈনিক আয় করেন ৩৭৫ টাকা। দৈনিক ব্যয় করেন। দৈনিক ব্যয় করেন ২৭৫ টাকা। এবং বাকী টাকা সঞ্চয় করেন।**

ক) রহিম সাহেবের মাসিক আয় কত? ১১২৫০ টাকা

খ) তিনি বছরে কত টাকা আয় করেন। এবং এক মাসে কত টাকা সঞ্চয় করেন। ৩০০০ টাকা

গ) এক সপ্তাহে তিনি কত টাকা ব্যয় করেন। ১৯২৫ টাকা

ঘ) দৈনিক সঞ্চয় হিসেবে তার এক বছরের সঞ্চয় কত টাকা। ৩৬৫০ টাকা

**২৮। ভাজক ভাগশেষের ১০ গুণ। ভাগফল ৩০ ও ভাগশেষ ৫।**

ক) ভাজক কত? ৫০

খ) ভাজ্য কত? ১৫০৫

গ) ভাজ্য ভাজক থেকে কত বেশি? ১৪৫৫

ঘ) ভাজ্য, ভাগফল ও ভাগশেষের সমষ্টি কত? ১৫৪০

## অধ্যায় - ৪

**এ অধ্যায় থেকে কোনো সৃজনশীল প্রশ্ন থাকবেনা । এককথায় উত্তরের জন্য অধ্যায়টি উদাহরন সহ ভালোভাবে রিডিং পড়বে।**

## অধ্যায় - ৫

**(দুটি যোগ্যতাভিত্তিক প্রশ্ন থাকবে একটির উত্তর দিতে হবে)**

**এ অধ্যায়ে লক্ষণীয় বিষয় ঃ**

**১। খেয়াল রাখবে, গ.সা.গু বের করতে গুণনীয়ক এবং ল.গা.গু বের করতে গুণিতক ব্যবহার করতে হয়।**

**২। প্রশ্নের অংকগুলো করার সময় খেয়াল রাখবে প্রশ্নে সর্বাধিক, সর্বোচ্চ, সবচেয়ে বেশি, বৃহত্তম কথাগুলো থাকলে সাধারনত প্রশ্নটি গ.সা,গু করে সমাধান করতে হবে।**

**৩। এছাড়া সবচেয়ে কম, ক্ষুদ্রতম, ন্যুনতম, সর্বনিম্ন থাকলে এবং ঘন্টার অংকগুলো সাধারনত ল.সা.গু করতে হবে।**

**১। ১৬, ২৪, ৩০, ৪২ ও ৪৫ কয়েকটি সংখ্যা।**

ক) ১ম তিনটি সংখ্যার ল.সা.গু নির্ণয় কর। ২৪০

খ) ১ম দুটি সংখ্যার সর্বনিম্ন সাধারন গুণিতক বের কর। ৪৮

গ) শেষ তিনটি সংখ্যার গ সা গু নির্ণয় কর। ৩

**২। ১২, ২৪ ও ৩৬ তিনটি সংখ্যা।**

ক) ২য় সংখ্যাটির গুননীয়কগুলো লিখ। ১, ২, ৩, ৪, ৬, ৮, ১২, ২৪

খ) সংখ্যাগুলোর গসাগু নির্ণয় কর। ১২

গ) সংখ্যাগুলোর লসাগু নির্ণয় কর। ৭২

**৩। কিছু টাইলস আছে যার প্রত্যেকটির দৈর্ঘ্য ৮ সেমি এবং প্রস্থ ৬ সেমি।**

ক) টাইল্স্ গুলো মেঝেতে বসিয়ে বর্গক্ষেত্র তৈরী করলে সবচেয়ে ছোট বর্গক্ষেত্রটির বাহুর দৈর্ঘ্য কত হবে? ২৪সেমি

খ) সবচেয়ে ছোট বর্গক্ষেত্রটি বানানোর জন্য কয়টি টাইলস লাগবে। ১২টি

গ) আকারের দিক দিয়ে দ্বিতীয় ক্ষুদ্রতম বর্গক্ষেত্রটির বাহুর দৈর্ঘ্য কত হবে? ৪৮সেমি

ঘ) আকারের দিক দিয়ে দ্বিতীয় ক্ষুদ্রতম বর্গক্ষেত্র বানানোর জন্য কয়টি টাইলস লাগবে? ৪৮সেমি

**৪। দুটি ঘন্টা যথাক্রমে ১২ মিনিট ও ৫ মিনিট অন্তর অন্তর বাজতে থাকে। ঘন্টা দুটি বিকাল ৩ টায় একসঙ্গে বেজেছিল।**

ক) ঘন্টা দুটি কতক্ষণ পরপর পুনরায় একত্রে বাজবে? ৬০মি

খ) ঘন্টা দুটি আবার কখন একত্রে বাজবে? ৪ টা

গ) ৭মিনিট পর পর বাজে এমন একটি ঘন্টা এ দুটি ঘন্টার সাথে যুক্ত হলে কতক্ষণ পর পর ঘন্টা তিনটি পুনরায় একতে বাজবে। ৪২০মি

**৫। একটি বাস স্টেশন থেকে 'ক' কোম্পানীর বাস ১৫ মিনিট পর পর এবং 'খ' কোম্পানীর বাস ২৫ মিনিট পর পর ছাড়ে।**

ক) বাস দুটি ছাড়ার সময়ের লসাগু কত? ৭৫

খ) সকাল ৮:৪৫মিনিটে বাস দুটি একসাথে ছাড়ে, তাহলে আবার কখন বাসদুটি একত্রে ছাড়বে? ১০ টা

গ) অপর একটি বাস ২০ মিনিট পর পর একই স্থান থেকে ছাড়ে তবে বাস তিনটি কখন কতক্ষণ আবার একত্রে ছাড়বে? ৩০০ মি

**৬। ১২ সেমি দৈর্ঘ্য ও ১৮ সেমি প্রস্থ বিশিষ্ট একটি ছক কাগজ আছে।**

ক) ১৮ এর গুণনীয়কগুলো লিখ।

খ) ১২ এর ৫টি গুণিতক লিখ।

গ) কাগজটি সমান বর্গাকৃতি টুকরা করলে সবচেয়ে বড় বর্গের একবাহুর দৈর্ঘ্য কত হবে? ৬ সেমি

ঘ) ছক কাগজ থেকে বৃহত্তম আকৃতির কয়টি বর্গ বানানো যাবে? ৩৬ টি

**৭। একজন শিক্ষক ৪০ জন ছাত্র ও ২৪ জন ছাত্রীকে কতগুলো দলে ভাগ করে দিলেন যেন প্রত্যেক দলে সমান সংখ্যক ছাত্র ও ছাত্রী থাকে এবং কোনো শিক্ষার্থী অবশিষ্ট না থাকে।**

ক) ৪০ এর গুণনীয়ক গুলো লিখ।

খ) শিক্ষার্থীদের সর্বোচ্চ কয়টি দলে ভাগ করা যাবে? ৮

গ) প্রতি দলে কতজন ছাত্র ও কতজন ছাত্রী থাকবে? ৫ ও ৩

**৮। একজন শিক্ষক ৬০টি পেন্সিল ও ৩৬ টি খাতা কিছু শিক্ষার্থীর মধ্যে ভাগ করে দিতে চান এমন ভাবে যেন কোনো খাতা ও পেন্সিল অবশ্টি না থাকে।**

ক) ১২, ২৪ ও ৩৬ এর গসাগু কত?

খ) সর্বোচ্চ কতজন শিক্ষার্থীর মধ্যে জিনিসগুলো সমান ভাবে ভাগ করে দেয়া যাবে? ৬

গ) প্রত্যেক শিক্ষার্থী কয়টি পেন্সিল ও কয়টি খাতা পাবে? ১০ ও ৬

**৯। একটি রাস্তায় কিছু গাছ এবং ল্যাম্পপোস্ট আছে। ২৫ মিটার পরপর গাছ এবং ২০ মিটার পরপর ল্যাম্পপোস্ট আছে। রাস্তার শুরুতে গাছ ও ল্যাম্পপোস্ট একত্রে আছে।**

ক) ২৫ ও ২০ এর গসাগু নির্ণয় কর।

খ) ২০ এর গুণনীয়ক গুলো লিখ।

গ) কত মিটার পরপর গাছ ও ল্যাম্পপোস্ট পুনরায় একত্রে থাকবে? ১০০মি


**১০। লাল, হলুদ ও সবুজ রংয়ের তিনটি ঘন্টা যথাক্রমে ১৮, ১৫ ও ১২ মিনিটি পর পর বাজে।**

ক) লাল ও হলুদ ঘন্টা বাজার সময়ের লসাগু কত?

খ) কতক্ষণ পর ঘন্টাগুলো পুনরায় একত্রে বাজবে।

গ) ঘন্টাগুলো সন্ধ্যা ৬ টায় একত্রে বেজে থাকলে আবার কখন একত্রে বাজবে?

**১১। পাশের চিত্রের মেঝেতে কোনো খালি জায়গা না রেখে কার্পেটি বসাতে হবে।**




ক) মেঝেতে বিছানো এমন বর্গাকার কার্পেটের বৃহত্তম বৃহত্তমটির একবাহুর দৈর্ঘ্য কত হবে? ৬ সেমি

খ) সম্পূর্ণ মেঝের ক্ষেত্রফল কত? ১৫১২বর্গমি.

গ) সম্পূর্ণ মেঝেতে কার্পেটি বিছানোর জন্য এরুপ কয়টি কার্পেটি লাগবে? ৪২টি

**১২। কোনো ক্লাসে ১০ জনের বেশি শিক্ষার্থী আছে। একজন শিক্ষক ৪২টি কলা, ৮৪টি বিস্কুট ও ১০৫টি চকলেট কোনা অবশিষ্ট না রেখে সমানভাবে ভাগ করে দিতে চান।**

ক) কলা ও বিস্কুটগুলো সর্বাধিক কতজন শিক্ষার্থীর মধ্যে সমানভাবে ভাগ করে দেয়া যাবে। যাতে কোনো কলা ও বিস্কুট অবশিষ্ট থাকবেনা

খ) কতজন শিক্ষার্থীর মধ্যে সবগুলো জিনিস সমানভাবে ভাগ করে দেয়া যাবে যাতে কোনো জিনিস অবশিষ্ট থাকবেনা।

গ) প্রত্যেক শিক্ষার্থী কতগুলো কলা, চকলেট ও বিস্কুট পাবে?

**১৩। চারটি ঘন্টা একত্রে বেজে পরে ৫, ৭, ১২ এবং ১৫ সেকেন্ড অন্তর অন্তর বাজতে লাগলো।**

ক) ১ম ও ২য় ঘন্টা বাজার সময়ের লসাগু কত?
খ) ঘন্টাগুলো কতক্ষণ পর পুনরায় একত্রে বাজবে?
গ) কোন ক্ষুদ্রতম সংখ্যা প্রত্যেকটি ঘন্টা বাজার সময় দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?

**১৪। কতগুলো ঘন্টা একসাথে বাজার ১০ , ১৫, ২০ এবং ২৫ সেকেন্ড পর পর বাজতে লাগল।**

ক) ১ম ও ২য় ঘন্টা বাজার সময়ের গ সা গু নির্ণয় কর।
খ) ২০ ও ২৫ এর গুণনীয়ক গুলো লিখ।
গ) কতক্ষণ পর পুনরায় ঘন্টাগুলো একত্রে বাজবে?

**১৫। তিনটি ঘন্টা একত্রে বেজে ৯, ১২, ১৫ মিনিট পর পর বাজতে লাগলো।**

ক) কতক্ষণ পর ঘন্টাগুলো একত্রে বাজবে তা বের করতে হলে কী করতে হবে? ল.সা.গু
খ) আবার কতক্ষণ পর ঘন্টাগুলো একত্রে বাজবে? ১৮০মিনিট
গ) যদি ঘন্টাগুলো ৬, ৯, ১২ মিনিট পর পর বাজে, তাহলে কতক্ষণ পর ঘন্টাগুলো আবার একত্রে বাজবে? ৩৬ মিনিট

**১৬। একটি গ্রামে ১২৬ টি আম, ২৩১ টি লিচু ও ৩৫৭ টি কাঁঠাল গাছের চারা বিতরণ করা হলো।**

ক) সর্বাধিক কতজন গ্রামবাসীর মধ্যে কাঁঠাল গাছের চারাগুলো সমানভাবে ভাগ করে দেয়া যাবে? ২১ জন
খ) প্রত্যেকে কয়টি আম, কয়টি লিচু ও কয়টি কাঁঠাল গাছের চারা পাবে? ৬, ১১, ১৭ টি
গ) আম ও লিচুর সংখ্যার গ.সা.গু নির্ণয় কর।

**ষষ্ঠ অধ্যায় ৬-খ (ভগ্নাংশ সম্পর্কিত)**

দুটি যোগ্যতাভিত্তিক প্রশ্ন থাকবে একটির উত্তর দিতে হবে।

**বিশেষভাবে লক্ষণীয় বিষয়ঃ**

**১। এ অধ্যায়ের সংখ্যাগুলো ভগ্নাংশ হলেও অংকগুলো করা নিয়ম তিন অধ্যায়ের মতোই। যদি অনেকগুলো জিনিসের দাম দেওয়া থাকে এবং একটি জিনিসের দাম বা পরিমাণ নির্ণয় করতে হয় তাহলে ভাগ করে করতে হবে, একটি জিনিসের দাম দেয়া থাকলে অনেকগুলো জিনিসের দাম বের করতে হলে গুণ করতে হবে, অনেকগুলো জিনিসের দাম দেয়া থাকলে যদি অনেকগুলো জিনিসের দাম বা পরিমাণ বের করতে হয় তবে প্রথমে ১টি জিনিসের দাম বা পরিমাণ বের করে নিতে হবে ।**
**২। তবে খেয়াল রাখবে যেটি বা যে জিনিসটি উত্তরে বের করবে ১ম লাইন লিখার সময় সেটি সব সময় লাইনের শেষে থাকবে।**
**৩। ভাগ বা গুণ যাই করো দিতীয় লাইনে ভাগ বা গুণ করার সময় ১ম লাইনের শেষে যে সংখ্যা বা ভগ্নাংশ আছে সেটি অবশ্যই ভাগ বা গুণ চিহ্নের আগে দিবে।**

**১। একটি বোর্ডের $৩\frac{৩}{৪}$ বর্গমিটার রং করতে ১ ডেসিলিটার রং লাগে।**

ক) ৪ ডেসিলিটার রং দ্বারা কত বর্গ মিটার রং করা যাবে?
খ) ১ বর্গমিটার বোর্ড রং করতে কত ডেসিলিটার রং লাগবে?
গ) ১৬ ডেসিলিটার রং দ্বারা কতটুকু বোর্ড রং করা যাবে।

**২। একটি আয়তাকার বোর্ডের দৈর্ঘ্য $১\frac{৩}{৪}$ মিটার ও প্রস্থ $১\frac{১}{৫}$ মিটার।**

ক) দৈর্ঘ্য ও প্রস্থকে অপ্রকৃত ভগ্নাংশে রুপান্তর কর।
খ) দৈর্ঘ্য ও প্রস্থের যোগফল নির্ণয় কর।
গ) দৈর্ঘ্য কত মিটার বেশি নির্ণয় কর।

**৩। হাবিব সাহেব তার সম্পত্তির $\frac{১}{৪}$ অংশ নিজের জন্য রাখলেন, $\frac{১}{৮}$ অংশ বড় ছেলেকে এবং $\frac{১}{৫}$ অংশ ছোট ছেলেকে দিলেন।**

ক) নিজে রাখার পর তার সম্পত্তির কত অংশ অবশিষ্ট থাকে।
খ) দুই ছেলেকে মোট কত অংশ দিলেন।
গ) দুই ছেলেকে দেয়ার পর অবশিষ্ট সম্পত্তি স্ত্রীকে দিলে, স্ত্রী কত অংশ পেল।
ঘ) হাবিব সাহেবের মোট সম্পত্তির মূল্য ২,০০,০০০ টাকা হলে প্রত্যেক সন্তান কত করে পেল।

**৪। একটি লাঠির $\frac{১}{৬}$ অংশ মাটিতে, $\frac{১}{২}$ অংশ পানিতে এবং অবশিষ্ট অংশ পানির উপরে আছে।**

ক) পানি ও মাটিতে মোট কত অংশ আছে।
খ) পানির উপরে লাঠিটির কত অংশ আছে।
গ) পানির উপরে লাঠিটির ২মিটার থাকলে, সম্পূর্ণ লাঠিটির দৈর্ঘ্য কতমিটার?
ঘ) পানিতে যতটুকু আছে তার দৈর্ঘ্য কত মিটার?

**৫। ৪ মিটার লম্বা একটি ধাতব নলের ওজন ১ $\frac{৩}{৫}$ কেজি।**

ক) নলটির ১মিটারের ওজন কত কেজি।
খ) নলটির $\frac{৩}{৫}$ মিটারের ওজন কত কেজি?
গ) ১কেজি নল দরকার হলে কতটুকু লম্বা নল কাটতে হবে?
ঘ) ঐ হিসেবে ২ $\frac{৩}{৫}$ কেজি নলে দৈর্ঘ্য কত মিটার হবে?

**৬। একটি হোস্টেলে প্রতিদিন ২ $\frac{১}{৭}$ কুইন্টাল চাল লাগে?**

ক) হোস্টেলটিতে সপ্তাহে কত কুইন্টাল চাল লাগে?
খ) হোস্টেলটিতে মাসে কত কুইন্টাল চাল লাগে?
গ) ৪ $\frac{২}{৩}$ কুইন্টাল চালে হোস্টেলটিতে কত দিন চলবে?

**৭। একটি ফিতার দৈর্ঘ্য ৬ $\frac{২}{৫}$ মিটার।**

ক) ফিতাটি $\frac{৪}{৫}$ মিটার করে টুকরা করলে, কত টুকরা হবে?
খ) ফিতাটি ৩৫ টুকরা করলে প্রত্যেক টুকরার দৈর্ঘ্য কত হবে?
গ) এর সাথে ৩ $\frac{১}{১০}$ মিটার ফিতা যুক্ত করলে মোট দৈর্ঘ্য কত হবে?

**৮। একটি বাগানের ক্ষেত্রফল ২০ বর্গমিটার। বাগানের $\frac{৪}{৫}$ অংশ ফুল চাষ করা হয়েছে।**

ক) বাগানটির কত অংশ চাষ করা হয়নি?
খ) চাষ করা অংশের ক্ষেত্রফল কত বর্গমিটার?
গ) বাগানটি বর্গাকার হলে, এবং দৈর্ঘ্য ১ $\frac{২}{৫}$ মিটার হলে ক্ষেত্রফল কত?

**৯। সাজ্জাদ সাহেবের ২৪০০০ টাকা ছিল। তিনি এই টাকার $\frac{৫}{১২}$ অংশ এতিমখানায় $\frac{৩}{৮}$ অংশ শিক্ষা প্রতিষ্ঠানে দান করলেন।**

ক) তিনি এতিমখানায় কত টাকা দান করলেন।
খ) তিনি শিক্ষা প্রতিষ্ঠানে কত টাকা দান করলেন।
খ) তিনি এতিমখানা ও শিক্ষাপ্রতিষ্ঠানে মোট কত অংশ দান করলেন।
গ) তার কাছে আর কত টাকা আছে।

**১০। একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ২ $\frac{৫}{৭}$ মিটার ও প্রস্থ ১ $\frac{৩}{৫}$ মিটার।**

ক) দৈর্ঘ্য ও প্রস্থকে অপ্রকৃত ভগ্নাংশে প্রকাশ কর।
খ) বাগানটির ক্ষেত্রফল বের কর।
গ) ভগ্নাংশ দুটির বিপরীত ভগ্নাংশ লিখে গুনফল নির্ণয় কর?

**১১। নগেন বাবু তার সম্পত্তির $\frac{১}{৮}$ অংশ নিজে রাখলেন, $\frac{১}{৮}$ অংশ স্ত্রীকে দিলেন। অবশিষ্ট সম্পত্তি তার চার পুত্রের মধ্যে ভাগ করে দিলেন।**

ক) তিনি মোট কত অংশ নিজে রাখলেন ও স্ত্রীকে দিলেন।
খ) প্রত্যেক পুত্র কত অংশ পেল।
গ) প্রত্যেক পুত্র ১৫০০০ টাকার করে পেলে, সম্পূর্ণ সম্পত্তির মূল্য কত?
ঘ) স্ত্রী কত টাকার সম্পত্তি পেল।

**১২। রাইয়ান সাহেবের নিকট ৭২০০০ টাকা ছিল। তিনি তার টাকার $\frac{১}{৮}$ অংশ মেয়েকে দিলেন, $\frac{২}{৩}$ অংশ দুই ছেলেকে দিলেন। অবশিষ্ট টাকা তার নিকট রইল।**

ক) মেয়ে কত টাকা পেল? — ৯০০০ টাকা

খ) ছেলে ও মেয়ে মোট টাকার কত অংশ পেল? — $\frac{১৯}{২৪}$

গ) তাঁর নিকট কত টাকা অবশিষ্ট থাকল। — ১৫০০০ টাকা

**১৩। একজন লোক বন্দরটিলা থেকে ঢাকা শহরে যাওয়ার জন্য যথাক্রমে $\frac{১}{১২}$ অংশ অটোরিক্সায় $\frac{১}{৮}$ অংশ বাসে এবং অবশিষ্ট ২৮৫ কিমি. ট্রেনে অতিক্রম করলেন।**

ক) লোকটি কত অংশ পথ ট্রেনে অতিক্রম করল? — $\frac{১৯}{২৪}$ অংশ

খ) লোকটি মোট কত কি.মি. পথ অতিক্রম করলেন? — ৩৬০ কিমি

**অধ্যায় ঃ ৮ ( দুটি সৃজন শীল প্রশ্ন আসবে একটির উত্তর দিতে হবে)**

---

**এ অধ্যায়ে লক্ষণীয় বিষয় ঃ**

১। **মোট বা সমষ্টি বা যোগফল দেওয়া থাকলে গড় বের করতে হলে ভাগ করতে হবে। আর যদি গড় দেওয়া থাকে তাহলে যতগুলো রাশি বা সংখ্যা বা লোকসংখ্যা তা দিয়ে ভাগ করতে হবে।**

**১। একটি বাক্সের ২০টি কমলার মধ্যে ৩টি কমলার ওজন মেপে দেখা গেল ৩৩৫ গ্রাম, ৩২০ গ্রাম এবং ৩৭১ গ্রাম।**

ক) কমলা ৩টির গড় ওজন কত?

খ) ক এ প্রাপ্ত গড় ওজনের ভিত্তিতে ২০ টি কমলার মোট ওজন কত?

গ) এর সাথে আরও ৩০০ গ্রামের একটি কমলা যুক্ত হলে গড় ওজন কত হবে?

**২। ৫ জন শিক্ষার্থীর উচ্চতা নিম্নরুপ ঃ ১৪৩, ১৪৪, ১৩৭, ১৪৫ ও ১৪০।**

ক) ১ম ৩জনের গড় উচ্চতা কত?

খ) শিক্ষার্থীদের গড় উচ্চতা কত?

গ) উক্ত গড় উচ্চতা ভিত্তিতে ১০ জনের মোট উচ্চতা নির্ণয় কর।

**৩। ছক অনুযায়ী শিক্ষার্থীদের নিম্নের দুটি দলে ভাগ করে দেয়া হলো তাদের গুণিতে প্রাপ্ত নম্বর অনুসারে-**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **ক-দল ঃ** | ৫৯ | ৬৭ | ৯২ | ৮০ | ৮৫ |
| **খ-দল ঃ** | ৮২ | ৭৮ | ৬৫ | ------ | -------- |

ক) ক দলের শিক্ষার্থীদের গড় নম্বর কত?

খ) কোন দলের শিক্ষার্থীদের গড় নম্বর বেশি?

গ) ৮৪ নম্বর প্রাপ্ত আরেকজন শিক্ষার্থী খ-দলে যোগ দিলে মোট নাম্বার কত হবে?

**৪। ২০১৪ সালের সমাপনী পরীক্ষায় একটি বিদ্যালয়ের রোল ১ থেকে ৮ পর্যন্ত শিক্ষার্থীদের গণিতে প্রাপ্ত নম্বর যথাক্রমে ৯২, ৯০, ৯৪, ৮৮, ৯০, ৮৪, ৮০ এবং ৮২।**

ক) ১ম ৪জন শিক্ষার্থীর গড় নম্বর কত?

খ) শেষ তিনজন শিক্ষার্থীর গড় নম্বর কত হবে?

খ) ১ম ৪জন ও শেষ ৪ জনের গড় নম্বরের পার্থক্য কত হবে?

ঘ) শিক্ষার্থীরা গড়ে কত নম্বর পেল।

**৫। দুইজন শিক্ষার্থীর সমাপনী পরীক্ষায় প্রাপ্ত বিভিন্ন বিষয়ের নম্বর নিম্নরুপ ঃ**

| বিষয় | বাংলা | গণিত | ইংরেজি | বিজ্ঞান | সমাজ | ধর্ম |
|---|---|---|---|---|---|---|
| **সোহেল** | ৬৮ | ৯৫ | ৫৬ | ৯০ | ৬৫ | ৮০ |
| **বাবুল** | ৭২ | ৭৮ | ৮৪ | ৮০ | ৮৬ | ৭০ |

ক) সোহেলের মোট নাম্বার কত?

খ) বাবুলের গড় নম্বর কত?

গ) কে গড়ে বেশি নম্বর পায়?

**৬। তেরোটি সংখ্যার যোগফল ১৯২৪। এদের মধ্যে ছয়টির গড় ১২০।**

ক) ছয়টি সংখ্যার মোট কত?

খ) শেষ ৭টি সংখ্যার গড় কত?

গ) সবগুলো সংখ্যার গড় কত?

**৭। অপু ও দীপুর গড় বয়স ২২ বছর। দিপু ও টিপুর গড় বয়স ২৪ বছর । অপুর বয়স ২১ বছর হলে-**

ক) দিপু ও টিপুর মোট বয়স কত?
খ) দিপুর বয়স কত?
গ) তিনজনের মোট বয়স কত?
ঘ) তাদের গড় বয়স কত?

**৮। তিন সন্তান ও তাদের পিতার গড় বয়স ১৭ বছর। ঐ তিন সন্তান ও তাদের মাতার গড় বয়স ১৩ বছর।**

ক) ঐ তিন সন্তান ও মাতার বয়সের সমষ্টি কত?
খ) যদি মাতার বয়স ২২ বছর হয়, তবে তিন সন্তানের বয়সের সমষ্টি কত?
গ) তাদের পিতার বয়স কত?
ঘ) তাদের সকলের গড় বয়স কত?

**৯। ৭টি টেনিস বলের মূল্য ৪০৬ টাকা। প্রথম ৩ টি বলের গড় মূল্য ৫৮ টাকা শেষ ৩ টি বলের গড় মূল্য ৫৫ টাকা।**

ক) বলগুলোর গড়মূল্য কত? ৫৮ টাকা
খ) ৪র্থ বলটির মূল্য কত? ৬৭ টাকা
গ) প্রথম ৩টি বলের মোট মূল্য ও শেষ ৩ টি বলের মোট মূল্যের পার্থক্য ১০ টি কলমর গড় মূল্যের সমান হলে, ১০ টি কলমের মোট মূল্য কত? ৯০ টাকা

**১০। একটি দোকানে ডিসেম্বর মাসের প্রথম ১৫ দিনের গড়ে ৪১ কেজি, পরের ১৫ দিনে গড়ে ৩৪ কেজি এবং শেষ দিনে ২২ কেজি চাল বিক্রি করা হল।**

ক) প্রথম ১৫ দিনে মোট কত কেজি চাল বিক্রি করা হলো। ৬১৫ কেজি
খ) ঐ মাসে মোট কত কেজি চাউল বিক্রি করা হল। ১১৪৭ কেজি
গ) শেষ দিনে ৫৩ কেজি চাল বিক্রি করা হলে, ঐ মাসে দৈনিক গড়ে কত কেজি চাউল বিক্রি করা হতো। ৩৮ কেজি

**১১। পিতা ও তিন পুত্রের বয়সের গড় ২১ বছর। মাতা ও তিন পুত্রের বয়সের গড় ১৮ বছর।**

ক) তিন পুত্রের বয়সের গড় কত? ১২ বছর
খ) পিতার বয়স কত? ৪৮ বছর
গ) পিতা, মাতা ও তিনপুত্রের বয়সের গড় কত? ২৪ বছর

**১২। ৫ টি ওয়ানডে ক্রিকেট ম্যাচের সিরিজে নাসিরের সংগৃহীত রান যথাক্রমে ৬০, ৩০, ০, ৪৫ ও ১৫।**

ক) প্রথম তিন ম্যাচের রানের গড় কত?
খ) শেষ তিন ম্যাচের রানের গড় কত?
গ) ঐ সিরিজে নাসিরের গড় রান কত?

**১৩। পঞ্চম শ্রেণির ৮ জন শিক্ষার্থীর ওজন যথাক্রমে ৩২ কেজি, ২৮ কেজি, ৩৪ কেজি, ২৮ কেজি, ৩৪ কেজি, ৩০ কেজি, ৩২ কেজি, ৩০ কেজি।**

ক) প্রথম ৩ জন শিক্ষার্থীর গড় ওজন কত?
খ) শেষ ৪ জন শিক্ষার্থীর গড় ওজন কত?
গ) সকল শিক্ষার্থীর গড় ওজন কত?

## অধ্যায় ৭ (দুটি সৃজনশীল প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে)

**বিশেষভাবে লক্ষণীয় বিষয়ঃ**

১। **এ অধ্যায়ের সংখ্যাগুলো দশমিক ভগ্নাংশ হলেও অংকগুলো করা নিয়ম ১ম তিন অধ্যায়ের মতোই। যদি অনেকগুলো জিনিসের দাম দেওয়া থাকে এবং একটি জিনিসের দাম বা পরিমাণ নির্ণয় করতে হয় তাহলে ভাগ করে করতে হবে, একটি জিনিসের দাম দেয়া থাকলে অনেকগুলো জিনিসের দাম বের করতে হলে গুণ করতে হবে, অনেকগুলো জিনিসের দাম দেয়া থাকলে যদি অনেকগুলো জিনিসের দাম বা পরিমাণ বের করতে হয় তবে প্রথমে ১টি জিনিসের দাম বা পরিমাণ বের করে নিতে হবে ।**
২। তবে খেয়াল রাখবে যেটি বা যে জিনিসটি উত্তরে বের করবে সেটি সব সময় লাইনের শেষে থাকবে।
৩। ভাগ বা গুণ যাই করো দিতীয় লাইনে ভাগ বা গুণ করার সময় ১ম লাইনের শেষে যে সংখ্যা বা ভগ্নাংশ আছে সেটি অবশ্যই ভাগ বা গুণ চিহ্নের আগে দিবে।

১। দাউদ সাহেব ৩.৫ টাকা দরে ৬.৫ কেজি আলু ও ৪৫.৫ টাকা দরে ৮.৫ কেজি বেগুন কিনলেন।

ক) তিনি কত টাকার আলু কিনলেন? ১৯৮.২৫ টাকা
খ) তিনি কত টাকা দিয়ে বেগুন কিনলেন? ৩৮৬.৭৫ টাকা
গ) ৪৫৫ টাকায় তিনি কত কেজি বেগুন কিনতে পারবেন? ১০ কেজি

**২। একজন শিক্ষক ৭৫ জন শিক্ষার্থীর প্রত্যেককে ০.২৪ মিটার করে ফিতা দিলেন?**

ক) ০.২৪×০.১ = কত? ০.০২৪

খ) তিনি মোট কত মিটার ফিতা দিলেন? ১৮ মিটার

গ) ফিতার দৈর্ঘ্যকে ১০ দ্বারা গুণ কর। ২.৪ মিটার

ঘ) ফিতার দৈর্ঘ্য কতটি ০.০১ নিয়ে গঠিত? ২৪ টি

**৩। একজন গোয়ালার ১৫ টি গাভীর প্রত্যেকটি প্রতিদিন ২.৫ লিটার করে দুধ দেয়। এক লিটার দুধের দাম ৪০.৫০ টাকা।**

ক) গোয়ালা প্রতিদিন কতলিটার দুধ পায়। ৩৭.৫ লিটার

খ) তিনি কত টাকার দুধ বিক্রি করেন। ১৫১৮.৭৫ টাকা

গ) একদিনের দুধ বিক্রির টাকা ১০০ জন লোকের মধ্যে ভাগ করে দিলে প্রত্যেকে কত টাকা করে পাবে। ১৫.১৮৭৫ টাকা

**৪। একটি আয়তাকার জমির দৈর্ঘ্য ৩.৮৫ মিটার, প্রস্থ ১.১৫ মিটার।**

ক) জমির দৈর্ঘ্য ও প্রস্থের যোগফল কত? ৫ মিটার

খ) জমির ক্ষেত্রফল কত? ৪.৪২৭৫ বর্গমি.

গ) জমির দৈর্ঘ্য ৩ গুণ বাড়ালে ক্ষেত্রফল কত হবে? ১৩.২৮২৫ বর্গমি

**৫। রেজার ওজন ৩৬.৫ কেজি। তার ভাই ও বাবার ওজন যথাক্রমে তার ওজনের ০.৪গুণ এবং ১.৮ গুণ।**

ক) রেজার ভাইয়ের ওজন কত? ১৪.৬ কেজি

খ) রেজার বাবার ওজন কত? ৬৫.৭ কেজি

গ) রেজার ওজনকে ২.২৫ দ্বারা গুণ কর। ৮২.১২৫

**৬। ৮.৫ ইঞ্চি একটি গাড়ি ঘন্টায় ৪২.৮ কিমি যায়।**

ক) ৮.৫ ইঞ্চিতে কত সেমি? ২১.৫৯ সেমি

খ) গাড়িটি ১৫.৫ ঘন্টায় কত কিমি যাবে? ৬৬৩.৪ কিমি

গ) গাড়িটি ৩০ মিনিটে কত কিমি যাবে? ২১.৪ কিমি

**৭। একটি প্যাকেটে ০.৩৩৪ লিটার দুধ আছে।**

ক) ৫০ প্যাকেটে কত লিটার দুধ আছে। ১৬.৭ লিটার

খ) এরুপ ১ ডজন প্যাকেটে কত লিটার দুধ আছে। ৪.০০৮ লিটার

**৮। একটি বাঁশের ০.১৫ অংশ কাদায় ও ০.৫৬ অংশ পানিতে আছে। পানির উপরে বাঁশটির ৪ মিটার আছে।**

(ক) পানির উপরে বাঁশটির কত অংশ আছে। ০.২৯ অংশ

(খ) সম্পূর্ণ বাঁশটির দৈর্ঘ্য কত? ১৩.৭৯ মিটার

(গ) বাঁশটির পানিতে কত মিটার আছে?

## অধ্যায় -৯ ঃ (২টি যোগ্যতাত্তিক প্রশ্ন থাকবে ১টি উত্তর দিতে হবে)

সাধারনভাবে অন্য অধ্যায়ের অংকগুলো করার নিয়ম এখানে প্রযোজ্য। তবে বিশেষভাবে খেয়াল রাখবে কীভাবে লাভ বা ক্ষতি বের করতে হয়। এখানে উল্লেখ্য কোনো প্রশ্নে ১০% লাভ বা ১০% ক্ষতি কথাটার মধ্যে কয়েকটি তথ্য আছে। যেমন, ক্রয়মূল্য উভয়ক্ষেত্রে ১০০ টাকা হবে। বিক্রয়মূল্য লাভের ক্ষেত্রে ১১০ টাকা এবং ক্ষতির ক্ষেত্রে ৯০ টাকা ইত্যাদি। এছাড়া ক্রয়মূল্য বা বিক্রয়মূল্য যেটা বের করতে হবে সেটা অংক করার সময় যখন ১ম লাইন লিখবে তখন অবশ্যই লাইনের শেষে হবে।

**১। সুজন একটি ব্যাংক থেকে ৪৫০০ টাকা ঋণ নিল। বার্ষিক ৮% মুনাফা আসলের উপর ধার্য করা হলো।**

ক) ৭০০ টাকার ১ বছরের মুনাফা কত? ৫৬ টাকা

খ) ১০ বছর পর মোট কত টাকা পরিশোধ করতে হবে? ৮১০০ টাকা

গ) কত বছর পর মোট মুনাফা ২৫২০ টাকা হবে? ৭ বছরে

**২। রাকিব ৫০০ টাকা ব্যাংকে জমা রেখে ৪ বছরে ১৪০ টাকা মুনাফা পেল।**

ক) ১ টাকার ১ বছরের মুনাফা কত?

খ) শতকরা বার্ষিক মুনাফার হার কত? ৭%

গ) একই হার মুনাফায় ৫ বছর পর মুনাফা কত হবে? ১৭৫ টাকা

**৩। শ্যামল চাকমা একটি ব্যাংক থেকে ৪৫০০ টাকা ঋণ নিলেন। বার্ষিক ৮% মুনাফা আসলের উপর ধার্য্য করা হলো।**

ক) 'বার্ষিক ৮% মুনাফা' কথাটির অর্থ কী?

খ) ১ বছর পর তাকে কত টাকা পরিশোধ করতে হবে?

গ) কত বছর পর মোট মুনাফার পরিমাণ ৭২০ টাকা হবে?

**৪। কোনো বিদ্যালয়ে ৫ম শ্রেণির মোট ৮০ জন শিক্ষার্থীর মধ্যে ৩২ জন ছাত্রী ও ৬০% ছাত্র ।**

ক) ছাত্র কত জন।

খ) ছাত্রীর শতকরা পরিমাণ কত?

গ) প্রত্যেক ছাত্রীকে প্রতি মাসে মোট শিক্ষার্থীর ১১০% হারে উপবৃত্তি দেয়া হলে মোট উপবৃত্তি কত টাকা হবে।

**৪। এক ব্যাক্তি ৬% ক্ষতিতে একটি খাসি বিক্রয় করল। খাসিটির বিক্রয়মূল্য ৩১৯৬ টাকা।**

ক) ৬% ক্ষতিতে বিক্রয়মূল্য কত?
খ) খাসিটির ক্রয়মূল্য কত?
গ) ১০% লাভে বিক্রয় করা হলে খাসিটির বিক্রয়মূল্য কত?

**৫। একজন বিক্রেতা ক্রয়মূল্যের চেয়ে ১২% কমে ৭০৪০ টাকায় একটি টেবিল বিক্রয় করল।**

ক) ১২% কমে বিক্রয়মূল্য কত?
খ) টেবিলটির ক্রয়মূল্য কত ছিল?
গ) টেবিলটির মূল্য দিয়ে ৪ টি চেয়ার কেনা হল যেগুলোর প্রত্যেকটির বিক্রয় ২২১৫ টাকা হলে চেয়ার প্রতি লাভ কত?

৬। ব্যাংক থেকে ৫০০০০ টাকা ঋণ নিয়ে ৮ বছর পর মোট ৯৮০০০ টাকা পরিশোধ করা হলো-

ক) ৮ বছরের মুনাফা কত?
খ) বার্ষিক মুনাফার হার কত?
গ) কত বছরে মুনাফা ৩০০০০ ত্রিশ হাজার টাকা হবে?

৭। আসমা ব্যাংক থেকে ৮০০ টাকা ঋণ নিয়ে এক বছর পর ৮৫৬ টাকা ফেরত দিল।

ক) আসমা কত টাকা মুনাফা দিল।
খ) বার্ষিক মুনাফার হার কত?
গ) কত টাকা ঋণ নিলে ১ বছর পর মুনাফা ৬৩ টাকা হতো?

**<u>অধ্যায় -১০ (জ্যামিতি বৃত্ত সংক্রান্ত চিত্র ও বৈশিষ্ট্য শিখবে)</u>**

নমুনা প্রশ্ন


১। ৩ সেমি ব্যাসার্ধের একটি বৃত্ত এঁকে এর বিভিন্ন অংশ চিহ্নিত কর। এবং বৃত্তের ৩ টি বৈশিষ্ট্য লিখ।
২। একটি বৃত্ত এঁকে ব্যাস, ব্যাসার্ধ ও জ্যা চিহ্নিত কর। ব্যাসের তিনটি বৈশিষ্ট লিখ।
৩। একটি বৃত্তের বৃহত্তম জ্যা এর দৈর্ঘ্য ৬ সেমি।

(ক) বৃত্তটি আঁক
(খ) অংকিত বৃত্তের তিনটি বৈশিষ্ট্য লিখ।

**অধ্যায় -১১ (খ) ঃ (২টি যোগ্যতাত্তিক প্রশ্ন থাকবে ১টি উত্তর দিতে হবে)**

---

১।




ক) 'ক' চিত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। — ১০ বর্গসেমি
খ) 'খ' চিত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। — ৫৪ বর্গসেমি
গ) 'গ' চিত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। — ১৫ বর্গসেমি
ঘ) 'ঘ' চিত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। — ২০ বর্গসেমি

**২। একটি আয়তাকার ধানক্ষেতের প্রস্থ ৭৫০ মিটার। এবং দৈর্ঘ্য ১২০০ মিটার।**

ক) ক্ষেত্রটির ক্ষেত্রফল কত কিমি?
খ) ক্ষেত্রটির ক্ষেত্রফল কত এয়র?
গ) একটি ত্রিভুজের ভুমি উক্ত আয়তক্ষেত্রের প্রস্থ এবং উচ্চতা উক্ত আয়তক্ষেত্রের দৈর্ঘ্যের সমান হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত হবে?

**৩। একটি আয়তাকার পার্কের প্রস্থ ৫০ মিটার এবং ক্ষেত্রফল ৪২৫০ বর্গমিটার।**

ক) পার্কটির দৈর্ঘ্য নির্ণয় কর।
খ) পার্কটি বর্গাকার হলে এবং দৈর্ঘ্য ৩৫ মিটার হলে ক্ষেত্রফল কত?
গ) উক্ত পার্কটির দৈর্ঘ্য একটি সামান্তরিকের ভুমির সমান এবং প্রস্থ উচ্চতার সমান হলে, সামান্তরিকের ক্ষেত্রফল কত হবে?

**৪। একটি ত্রিভুজক্ষেত্রের উচ্চতা ০.৮ কিমি। এবং এর ক্ষেত্রফল ১.২ কি.মি. হলে-**

ক) ত্রিভুজের ভুমি কত কিমি?
খ) ত্রিভুজটির ক্ষেত্রফলকে মিটারে প্রকাশ কর।
গ) ত্রিভুজটির ক্ষেত্রফল ২.৬ কি.মি. হলে এবং উচ্চতা একই থাকলে ভুমি কত হবে?

**৫। একজন তেলের ব্যবসায়ী ৯৬৮৫০০মিলি কেরোসিন ৩৫৪ লি. ডিজেল ও ৮৮৭৫০০ লি. অকটেন কিনেছিল।**

ক) সে কত লি. কেরোসিন কিনেছিল?

খ) সে কত ঘন সেমি ডিজেল কিনেছিল?

গ) সে কত ঘনমি অকটেন কিনেছিল?

**৬। একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য ৬০মি এবং প্রস্থ ৪০মি।**

ক) ঘরটির দৈর্ঘ্য কত সেমি?

খ) ঘরটির ক্ষেত্রফল নির্ণয় কর।

গ) ঘরটির প্রস্থ কত সেমি?

ঘ) ঘরটির পরিসীমা নির্ণয় কর।


**৭। একটি ত্রিভুজাকৃতি ক্ষেত্রের ক্ষেত্রফল ৩০০ বর্গসেমি। এবং ভুমি ৩০ সেমি।**

ক) ভুমিকে মিলিমিটারে প্রকাশ কর।

খ) ত্রিভুজটির উচ্চতা নির্ণয় কর।

গ) ত্রিভুজটির ভুমি যদি একটি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য হয়, তবে বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত হবে?

**৮। চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।**




ক) কঘগ ত্রিভুজের ক্ষেত্রফল কত?

খ) কখগ ত্রিভুজের ক্ষেত্রফল কত?

গ) কখগঘ চতুর্ভুর্জটির ক্ষেত্রফল কত?

**৯। একটি ত্রিভুজের ভুমি ৫ সেমি। উচ্চতা ৪ সেমি।**

ক) ত্রিভুজটির ক্ষেত্রফল কত মিটার।

খ) ত্রিভুজটির উচ্চতা ১ সেমি বাড়ালে ক্ষেত্রফল কতটুকু বাড়বে?

গ) ত্রিভুজটির উচ্চতা ২ সেমি বাড়ালে ক্ষেত্রফল কতটুকু বাড়বে?

১০। তোমাদের বিদ্যালয়ের খেলার মাঠটি আয়তাকার। মাঠটির এক পাশের দৈর্ঘ্য ১৪০ মি। অপর পাশের দৈর্ঘ্য ১১০ মিটার।

ক) উক্ত মাঠের ক্ষেত্রফল কত?

খ) মাঠটির অপর পাশের দৈর্ঘ্য ও প্রস্থ কত?

গ) এক জন লোক মাঠের চারপাশ দিয়ে ২ বার ঘুরে আসলে মোট দৈর্ঘ্য কতটুকু হবে?

## অধ্যায় - ১২ (২টি যোগ্যতাভিত্তিক প্রশ্ন থাকবে ১টি উত্তর দিতে হবে - ৪)

**১। ২০১৭ সালের ফেব্রুয়ারি মাসের ক্যালেন্ডার দেওয়া হলো।**

| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহঃ | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| | | | ১ | ২ | ৩ | ৪ |
| ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ |
| ২৬ | ২৭ | ২৮ | | | | |

ক) ২০১৭ সালের ৩ মার্চ কী বার ছিল?

খ) ২০১৭ সালের ২৫ জানুয়ারি কী বার ছিল?

**২। তথ্যগুলো লক্ষ কর। ১৮৬৪, ১৯০০, ২০১৬**

ক) উদ্দীপকের ১ম সালটি অধিবর্ষ কীনা দেখাও?

খ) উদ্দীপকের ৪র্থ সালটির ফেব্রুয়ারি মাস কত দিনের?

**৩। এক ব্যক্তি প্রতিদিন সকালে ২ ঘন্টা ১০ মিনিট করে হাঁটেন?**

ক) তিনি প্রতিদিন কত মিনিট হাঁটেন?

খ) তিনি জানুয়ারি মাসে মোট কত মিনিট হাটেন।

**৪। বাবুলের বয়স ১০ বছর, তার ভাইয়ের বয়স ১২ বছর ৫ মাস।**

ক) বাবুলের বয়সকে দিনে পরিনত কর।

খ) বাবুলের ভাইয়ের বয়স কত দিন?

**৫। একটি ট্রেন কোনো শহর থেকে ১১: ৫০ এ ছাড়ে এবং ১৫:২৫ এ পৌছায়।**

ক) ট্রেনটি কত ঘন্টা কতমিনিট ভ্রমণ করল।

খ) আন্তর্জা রীতিতে ট্রেনটি কয়টায় পৌছাল।

**৬। একটি প্লেন কোনো শহর ১১ঃ৫০ মিনিটে ত্যাগ করে ১৫ঃ২৫ মিনিটে গন্তব্যে পৌছায়।**

ক) ১২ ঘন্টা সময়সূচিতে প্লেনটি কখন গন্তব্যে পৌছায়।

খ) প্লেনটি কত ঘন্ট ভ্রমণ করল।

**৭। রহিম সাহের ২০১৬ সালে ২ ডিসেম্বর কোনো অনুষ্ঠান থেকে রাত ৮ টা ৫০ মিনিটে বাসায় পৌছলেন।**

ক) ২০১৬ সালটি কী অধিবর্ষ?

খ) ঐ দিন শুক্রবার হলে তার পরবর্তী ১৫ দিন পর কী বার হবে, নির্ণয় কর।

**অধ্যায় ১৩ ( উপাত্ত ও জনসংখ্যা ২টি থেকে ১টি উত্তর দিতে হবে)**

---

পাঠ্য বইয়ের প্রশ্নগুলো ভালোভাবে অনুশীলন করবে।